

# কালের কণ্ঠ

বুধবার

ঢাকা। বর্ষ ১৭। সংখ্যা ১২

২১ জানুয়ারি ২০২৬। ৭ মাঘ ১৪৩২

১ শাবান ১৪৪৭



কালের কণ্ঠ এখন হাতের মুঠোয়। স্ক্যান করুন

কাল্পনিক সংবাদ

## নর্থ সাউথ ইউনিভার্সিটিতে শীতবস্ত্র বিতরণ

অফিস সহকারী, নিরাপত্তারক্ষী ও পরিচ্ছন্নতাকর্মীদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করেছে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ)। ২০ জানুয়ারি সাউথইস্ট ব্যাংক পিএলসির পৃষ্ঠপোষকতায় এক হাজার কম্বল বিতরণ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনএসইউর প্রতিষ্ঠাতা আজীবন সদস্য ও ট্রাস্টি বোর্ডের সাবেক চেয়ারম্যান এবং সাউথইস্ট ব্যাংক পিএলসির চেয়ারম্যান এম এ কাশেম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী। এম এ কাশেম বলেন, 'এই উদ্যোগ আমাদের সামাজিক দায়িত্ববোধের প্রতিফলন। মুসলিম হিসেবে অভাবগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানো আমাদের কর্তব্য। সাউথইস্ট ব্যাংক পিএলসির পক্ষ থেকে এই মহৎ উদ্যোগে অংশ নিতে পেরে আমি গর্বিত এবং একই সঙ্গে সবাইকে এসব অসহায় মানুষের পাশে দাঁড়ানোর আহ্বান জানাচ্ছি।'



অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী বলেন, 'এনএসইউ একাডেমিক উৎকর্ষের পাশাপাশি সমাজসেবা ও জনকল্যাণমূলক কাজেও অংশ নেয়। শীতবস্ত্র বিতরণ কর্মসূচি সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে সহায়তা করার একটি অর্থবহ পদক্ষেপ। এই মহৎ উদ্যোগে আমি সাউথইস্ট ব্যাংক পিএলসি এবং সংশ্লিষ্ট সব আয়োজককে ধন্যবাদ জানাই।'